

তারিখ: 01/08/2017

**নাগার সহকারি ব্যাঙ্ক লিমিটেড, এটাওয়াহ- দন্ডিত হল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)–এর ধারা 47A(1)( c) তৎসহ পঠিত ধারা 46(4) –এর বিধানের অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে কেওয়াইসি/ এএমএল ব্যবস্থাপনা সংক্রান্ত আরবিআই নির্দেশবিধি/ নির্দেশিকা এবং ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস)–এর ধারা 26A লঙ্ঘনের কারণে নাগার সহকারি ব্যাঙ্ক লিমিটেড, এটাওয়াহ - এর উপর ₹ 20,000/- (কুড়ি হাজার টাকা মাত্র)–এর আর্থিক জরিমানা আরোপ করেছে।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি বিবেচনা করে, রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং দন্ড আরোপ যথোপযুক্ত।

**অজিত প্রসাদ**

সহায়ক পরামর্শদাতা

প্রেস প্রকাশনি: 2017-2018/312